



## চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯।

স্মারক নং:-/চুয়েট/ভিসি অফিস/ কো-অর্ডিনেশন-১১/ ৪০২৪


২২ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ  
০৭ ডিসেম্বর, ২০২২ খ্রি:।

-:বিজ্ঞপ্তি:-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে এ বিশ্ববিদ্যালয়ে গঠিত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৬ ডিসেম্বর, ২০২২ খ্রি. শুক্রবার মহান বিজয় দিবস বর্ণাঢ্য আয়োজনে উদযাপিত হবে। অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম উক্ত দিবসের অনুষ্ঠানসমূহে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি প্রদান করেছেন। এ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্রছাত্রীদেরকে নিম্নোক্ত কর্মসূচিগুলোতে অংশগ্রহণপূর্বক অনুষ্ঠানমালাকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ক্রঃ নং	কর্মসূচি	স্থান	তারিখ ও সময় ১৬/১২/২০২২ খ্রিঃ
০১।	জাতীয় পতাকা উত্তোলন	উপাচার্য অফিস ভবনের সামনে	সূর্যোদয়ের সাথে সাথে
০২।	বিজয় দিবসের পুষ্পস্তবক অর্পণ	কেন্দ্রীয় শহীদ মিনার, চুয়েট।	সকাল ৮ঃ৪৫ ঘটিকা।
০৩।	চুয়েট ক্যাম্পাসে শহীদদের কবর জেয়ারত	কেন্দ্রীয় মসজিদের পশ্চিমে ড. কিউ.কে. হল সংলগ্ন কবরস্থান, চুয়েট।	সকাল ৯ঃ০০ ঘটিকা।
০৪।	“জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার” শীর্ষক আলোচনা সভা	কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণ, চুয়েট।	সকাল ৯ঃ৩০ ঘটিকা।
০৫।	প্রীতি ক্রিকেট ম্যাচ (কর্মকর্তা বনাম কর্মচারী)	কেন্দ্রীয় খেলার মাঠ, চুয়েট।	বেলা ১১ঃ০০ ঘটিকা থেকে।
০৬।	মহান মুক্তিযুদ্ধে নিহত বীর শহীদদের আত্মার মাগফেরাত কামনায় বিশেষ দোয়া	কেন্দ্রীয় মসজিদ, চুয়েট।	বাদ জুমা
০৭।	প্রীতি ক্রিকেট ম্যাচ (শিক্ষক বনাম ছাত্র)	কেন্দ্রীয় খেলার মাঠ, চুয়েট।	বেলা ০২:৩০ ঘটিকা থেকে।
০৮।	শিশু-কিশোরদের দৌড় প্রতিযোগিতা	স্টাফ ওয়েলফেয়ার অফিস সংলগ্ন মাঠ।	বেলা ২:০০ ঘটিকা।
০৯।	শিশু-কিশোরদের চিত্রাংকন প্রতিযোগিতা	স্টাফ ওয়েলফেয়ার অফিস সংলগ্ন বৈশাখী মঞ্চ।	বেলা ২:৩০ ঘটিকা।
১০।	শিশু-কিশোরদের কবিতা আবৃত্তি ও দেশাত্মবোধক গান	স্টাফ ওয়েলফেয়ার অফিস সংলগ্ন বৈশাখী মঞ্চ।	বেলা ৩:০০ ঘটিকা।
১১।	শিশু-কিশোরদের পুরস্কার বিতরণী	স্টাফ ওয়েলফেয়ার অফিস সংলগ্ন বৈশাখী মঞ্চ।	বিকাল ৫ঃ০০ ঘটিকা
১২।	ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান	কেন্দ্রীয় শহীদ মিনার, চুয়েট।	সন্ধ্যা ৬:০০ ঘটিকা
১৩।	শিক্ষার্থীদের রচনা প্রতিযোগিতা (আয়োজক: ছাত্রকল্যাণ দপ্তর)		সুবিধাজনক সময়ে


\*\*\* কর্মসূচিসমূহে অংশগ্রহণের নিমিত্তে চট্টগ্রাম রেল স্টেশন থেকে সকাল ০৭: ৪৫টায় প্রয়োজনীয় সংখ্যক গাড়ি ছেড়ে আসবে এবং আলোচনা অনুষ্ঠান শেষে ক্যাম্পাস থেকে চট্টগ্রাম শহরের উদ্দেশ্যে ছেড়ে যাবে। এছাড়া সকাল ০৮:৩০টায় ক্যাম্পাস থেকে গমনাগমনের জন্য প্রয়োজনীয় সংখ্যক গাড়ি উত্তর গোলচক্কর থেকে ছেড়ে আসবে এবং আলোচনা অনুষ্ঠান শেষে প্রত্যাবর্তন করবে।

  
০৭/১২/২০২২  
(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) এবং সদস্য সচিব, জাতীয় দিবস উদযাপন কমিটি  
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সিনিয়রটির ভিত্তিতে নহে):

- ১। সকল ডীন/ পরিচালক/বিভাগীয় প্রধান/সেন্টার চেয়ারম্যান/ প্রভোস্ট/ অফিস প্রধান/শাখা প্রধান, চুয়েট। ইহা তাঁর বিভাগ ও অফিসের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ সহকারে।
- ২। পরিচালক, আইআইসিটি, চুয়েট (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহকারে)
- ৩। সভাপতি, যানবাহন পরিচালনা কমিটি, চুয়েট (শহর থেকে এবং ক্যাম্পাস থেকে অনুষ্ঠানে অংশগ্রহণের সুবিধার্থে প্রয়োজনীয় সংখ্যক গাড়ির ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৪। প্রধান প্রকৌশলী, চুয়েট (উল্লিখিত সময়সূচী অনুযায়ী কেন্দ্রীয় শহীদ মিনার এলাকায় সাউন্ড সিস্টেম এবং বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণ এবং সকাল থেকে জাতির পিতার ভাষণ ও দেশাত্মবোধক গান সম্প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৫। নিরাপত্তা উপদেষ্টা, চুয়েট (সূর্যোদয়ের সাথে সাথে উপাচার্য অফিস ভবনের সামনে জাতীয় পতাকা উত্তোলন, কেন্দ্রীয় শহীদ মিনার অঙ্গন এবং কবর জেয়ারতের স্থান পরিষ্কারকরণ, প্রয়োজনীয় পুষ্পস্তবক তৈরি, প্রয়োজনীয় সামিয়ানা তৈরি, প্রয়োজনীয় আসন ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৬। চীফ মেডিক্যাল অফিসার/ কো-অর্ডিনেটর, চুয়েট (খেলা চলাকালীন সময়ে চিকিৎসা ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৭। ডেপুটি চীফ ফিজিক্যাল এডুকেশন অফিসার, চুয়েট (উক্ত দিনের খেলার ব্যবস্থাপনা, মাঠে সাউন্ড সিস্টেম ও খেলা পরিচালনার ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৮। সভাপতি ও সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি/চুয়েট ক্লাব/কর্মকর্তা সমিতি/স্টাফ এসোসিয়েশন/কর্মচারী ক্লাব/স্টাফ ওয়েলফেয়ার কমিটি, চুয়েট।
- ৯। সিনিয়র পেশ ইমাম, চুয়েট (আলোচনা অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলাওয়াত এবং কবর জেয়ারতের সময় দোয়া ও মোনাজাত পরিচালনার নিমিত্তে উপস্থিত থাকার অনুরোধ সহকারে)।
- ১০। পিএস টু ভিসি, চুয়েট (ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ১১। সহকারী পরিচালক (তথ্য ও প্রকাশনা) (অনুষ্ঠানের আগে ও পরে মিডিয়ায় ব্যাপক প্রচার এবং তথ্য-চিত্র ধারণ ও সংরক্ষণের অনুরোধ সহকারে)।
- ১২। সকল বিজ্ঞপ্তি ফলক, চুয়েট।

  
(মোহাম্মদ ফজলুর রহমান)

উপ-পরিচালক (তথ্য ও প্রকাশনা)  
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।